

## জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের Talking Point

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন বাংলাদেশের ক্রীড়া, খেলাধুলা ও শরীরচর্চার ক্ষেত্রে যে সকল ক্রীড়াবিদ অবদান রাখছেন বা রেখেছেন, সে সকল ক্রীড়াসেবী ও তাদের পরিবারের কল্যাণ সাধনের মাধ্যমে দারিদ্র্য হ্রাস এবং ক্রীড়ার মান উন্নয়নে কাজ করছে। সে আলোকে ০৮ আগস্ট ২০২৪ হতে বর্তমান সময় পর্যন্ত জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন 'অসম্ভল, অসুস্থ, আহত ও অসমর্থ' ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের জন্য ক্রীড়াভাতা, ক্রীড়া শিক্ষা বৃত্তি এবং চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান করেছে।

- (১) **ক্রীড়াভাতা প্রদান:** ক্রীড়াসেবীদের জীবনমান উন্নয়নে সারাদেশ হতে ১৬৭৮ জন ক্রীড়াসেবীকে ২৪,০০০/- টাকা হারে সর্বমোট ০৪ কোটি ০২ লক্ষ ৭২ হাজার টাকা ক্রীড়াভাতা প্রদান করা হয়েছে।
- (২) **চিকিৎসা ও আর্থিক সহায়তা:** অসুস্থ ক্রীড়াসেবীদের উন্নত চিকিৎসা ও পারিবারিক অসম্ভল ক্রীড়াসেবীদের আর্থিক সহায়তার লক্ষ্যে ২৪ জন ক্রীড়াসেবীকে সর্বমোট ৩৫ লক্ষ ২২ হাজার টাকা প্রদান করা হয়েছে।
- (৩) **আইন সংশোধন:** গত ২৭ মে ২০২৫ তারিখে অত্র ফাউন্ডেশনের আইন সংশোধিত হয়েছে। সে প্রেক্ষিতে অধ্যাদেশ নং- ২৭, ২০২৫ জারি করা হয় এবং ফাউন্ডেশনটিকে 'জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন' নামে নামকরণ করা হয়।
- (৪) **নীতিমালা সংশোধন:** ফাউন্ডেশন হতে ০২ (দুই) টি নীতিমালার আলোকে ক্রীড়াভাতা, ক্রীড়া শিক্ষা বৃত্তি এবং চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। বর্তমানে ফাউন্ডেশনের কার্যাবলী আরো স্বচ্ছতার সাথে পরিচালনার জন্য নিম্নোক্ত ০৩ (তিন) টি পৃথক পৃথক নীতিমালা প্রণয়নের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

নীতিমালার শিরোনাম	মন্তব্য
ক্রীড়াভাতা নীতিমালা, ২০২৫	নীতিমালাসমূহ অনুমোদনের কার্যক্রম চলমান
ক্রীড়াশিক্ষা বৃত্তি নীতিমালা, ২০২৫	
চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা, ২০২৫	

### (৫) ভবিষ্যত কর্মপরিকল্পনা:

- ক্রীড়াসেবীদের ডাটাবেজ সংরক্ষণ করা;
- অসম্ভল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁহাদের পরিবারের সার্বিক কল্যাণ ও পুনর্বাসনে ফাউন্ডেশনের সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রকল্প গ্রহণ।

হাত্র-জনতার জুলাই গণঅভ্যুত্থানের মাধ্যমে অর্জিত নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন ক্রীড়াসেবীদের দারিদ্র্য হ্রাস ও ক্রীড়ার মান উন্নয়নে দৃঢ় প্রতিজ্ঞ।